



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(কৃষি ঋণ উপ-বিভাগ)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার নং-১১

বাংলাদেশ।

১৪ আশ্বিন, ১৪১৫

তারিখঃ-----

২৯ সেপ্টেম্বর, ২০০৮

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক এবং
বিআরডিবি ও বিএসবিএল

প্রিয় মহোদয়,

আবর্তনশীল শস্য ঋণ কর্মসূচীর আওতায় কৃষিঋণ বিতরণ প্রসঙ্গে। (Disbursement of Revolving Credit in Agricultural Sector)

কৃষিঋণ বিতরণ ব্যবস্থায় গতিশীলতা আনয়নের জন্য কৃষক পর্যায়ে কৃষিঋণ প্রাপ্তি নিশ্চিতকরণ একান্ত জরুরী। কৃষিঋণ হয়রানিমুক্ত ভাবে সহজশর্তে প্রাপ্তিক পর্মায়ে প্রাপ্তি নিশ্চিত করতে পারলে কৃষি উৎপাদন কাঙ্ক্ষিত পর্যায়ে উপনীত হবে এবং খাদ্য নিরাপত্তা জোরদার হবে। ভাল বীজ, সার, কীটনাশক ইত্যাদি সংগ্রহের জন্য যেমন কৃষিঋণের প্রয়োজন হয় তেমনি কৃষি কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধি পাওয়ায় ফসল উৎপাদনে অতিরিক্ত অর্থের প্রয়োজন হওয়ায় কৃষিঋণের গুরুত্ব বৃদ্ধি পেয়েছে। বিদ্যমান ব্যবস্থায় কৃষকগণ প্রায়শঃই পুরাতন ঋণ যথাসময়ে পরিশোধ করলেও একই ক্ষেত্রে পুনরায় ডকুমেন্টেশনের বাধ্যবাধকতার কারণে নতুন ঋণ প্রাপ্তিতে দীর্ঘসূত্রিতা সৃষ্টি হয় এবং মধ্যসত্ত্বভোগীদের দ্বারা কৃষকগণ হয়রানীর শিকার হন। এ কারণে কৃষিঋণ বিতরণের অবিরাম প্রবাহ প্রাপ্তিক পর্মায়ে নিশ্চিত করা যাচ্ছে না, ফলশ্রুতিতে কৃষিঋণ কার্যক্রম ফলপ্রসূ হচ্ছে না।

এমতাবস্থায়, কৃষিঋণ বিতরণের অবিরাম প্রবাহ নিশ্চিত করার জন্য ব্যাংকসমূহকে তিন (৩) বছর মেয়াদী একটি আবর্তক শস্য ঋণ সীমা পদ্ধতি (Revolving crop credit limit system) প্রচলনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ পদ্ধতির আওতায় নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করতে হবে :

- অবিরাম ফসল উৎপাদনের সংগে সম্পূর্ণ কৃষকগণ ঋণ সুবিধা পাবেন।
- সকল শস্য ঋণের ক্ষেত্রে ইতোপূর্বে বিতরণকৃত ঋণের সমুদয় সুদাসল আদায় করে পুনঃডকুমেন্টেশন ব্যতিরেকেই ঋণ নবায়নপূর্বক পুনরায় ঋণ মঞ্জুরী ও বিতরণ করতে হবে।
- দলিলাদি সম্পাদন যথাসম্ভব সহজীকরণ করতে হবে।
- ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে ব্যাংক শাখা ব্যবস্থাপকের নিকট **Power delegate** করবে।
- ঋণ মঞ্জুরীর পর উৎপাদন পরিকল্পনা পরিবর্তন করতে হলে এবং ঋণের চাহিদা বৃদ্ধি পেলে পুনরায় ব্যাংকের নিকট আবেদন করতে হবে।
- ঋণের জামানত, সীমা, সুদের হার ইত্যাদি সম্বলিত এ নতুন স্কীম ব্যাংকসমূহ নিজেরাই প্রণয়ন করবে।
- এ পদ্ধতিতে ঋণ গ্রহণের জন্য কৃষকগণকে উদ্বুদ্ধ করতে হবে।
- কৃষকগণ যাতে ব্যাপকহারে এ সুবিধা পান তা নিশ্চিত করার জন্য ব্যাংকসমূহ নিবিড়ভাবে বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করবেন।

আবর্তনশীল এ ঋণ পদ্ধতি প্রাথমিকভাবে ব্যাংকগুলো স্বল্পসংখ্যক শাখায় পরীক্ষামূলকভাবে চালু করতে পারে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৪৭